

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 30-12-2025

Time : 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM :

মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযান আগামীকাল থেকে রাজ্য শুরু হচ্ছে। বেলা একটায় প্রজ্ঞা ভবনে অভিযানের সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। বর্তমানে ৩০ বছরের উক্ষে মানুষের মধ্যে উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, হৃদরোগ, স্ট্রোক এবং বিভিন্ন ধরনের ক্যান্সার একটি বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে। অনেক ক্ষেত্রেই এসব রোগ দীর্ঘদিন ধরা পড়ে না এবং পরবর্তীতে মারাত্মক আকার ধারণ করে। এই পরিস্থিতিতে রাজ্য সরকার একটি প্রতিরোধমূলক ও জনমুখী উদ্যোগ হিসেবে এই অভিযান শুরু করতে চলেছে।

President :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন দেশ বর্জ্য ব্যবস্থাপনা এবং স্থায়িত্বের মতো চ্যালেঞ্জের মুখ্যমুখ্য, যার জন্য প্রযুক্তিগত দফতার পাশাপাশি সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি প্রয়োজন। রাষ্ট্রপতি গতকাল সরাইকেলা থারসাওয়ান জেলার আদিত্যপুর এলাকায় জামশেদপুরের জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠানের পঞ্চদশ সমাবর্তনে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। রাষ্ট্রপতি শিক্ষার্থীদের মানব কল্যাণের জন্য প্রযুক্তিগত উন্নয়নকে ব্যবহার করার আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে কেবল যেকিং এবং স্থান নির্ধারণের মাধ্যমে নয়, বরং সমাজের প্রতি তাদের অবদানের মাধ্যমেও মূল্যায়ন করা উচিত।

Byte-President # # #

CM-Review Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার পাশাপাশি এই রাজ্যের ঐতিহ্য ও সংস্কৃতির গুরুত্বপূর্ণ অংশ হল হস্ততাঁত ও হস্তকার্ক শিল্প। এই শিল্পের উন্নয়নে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। গতকাল সচিবালয়ে ত্রিপুরা হস্ততাঁত ও হস্তকার শিল্প উন্নয়ন নিগম লিমিটেড-এর এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি গতানুগতিক শিল্পকর্ম থেকে বেরিয়ে উদ্ভাবনী শিল্প কর্মের প্রতি মনোযোগী হওয়ার পাশাপাশি পণ্য কিনতে আগ্রহী বিনিয়োগকারীদের সঙ্গে সংযোগ স্থাপনের উপরও গুরুত্ব আরোপ করেন। পরে মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে ত্রিপুরা থাদি ভিলেজ ইন্ডাস্ট্রি বোর্ডের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। তিনি ত্রিপুরা থাদি ভিলেজ ইন্ডাস্ট্রি বোর্ডের পরিচালন ব্যবস্থা পণ্য উৎপাদন, পণ্য বিক্রয়ের আর্থিক অবস্থা প্রভৃতি বিষয়ে বিস্তারিত খেঁজ খবর নেন।

PMKVY 4.0 :

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা চতুর্থ পর্যায়ের কেন্দ্রীয় ক্ল্যাগশিপ প্রকল্প গতকাল রাজ্য আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এই প্রকল্পটি চালু হওয়ায় রাজ্যের ১৪ হাজার বেকার যুবক যুবতী বহুমুখী ক্ষেত্রে প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ পাবেন। গতকাল হাঁপানিয়া ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ব্রাম টিচিং হসপিটালের বিবেকানন্দ অডিটোরিয়ামে এই কেন্দ্রীয় ক্ল্যাগশিপ প্রকল্পের উদ্বোধন করেন দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা প্রদীপ কে। ১৫ থেকে ৪৫ বছরের যুবক যুবতীরা এই প্রশিক্ষণের সুযোগ পাবেন।

African Swine Fever :

ধলাই জেলার নালকাটার আঞ্চলিক বিদেশী শূকর প্রজনন কেন্দ্রে অস্বাভাবিক মৃত শূকরগুলির দেহে আফ্রিকান সোয়াইন ফিভার-এর জীবানু পাওয়া গেছে। তাই নালকাটাকে এই সংক্রামক রোগের এপি-সেন্টার হিসেবে চিহ্নিত

করে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে কিছু বিধি নিষেধ জারি করা হয়েছে। এপি-সেন্টারের ১ কিমির মধ্যে অবস্থিত গ্রামগুলিকে 'ইনফেক্টেড জোন' এবং ১০ কিমি-র মধ্যে অবস্থিত সমস্ত গ্রামগুলিকে 'সার্ভেলেন্স জোন' হিসেবে ঘোষণা করা হয়েছে।

Minister Kishore Barman :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন ত্রিস্তরীয় পঞ্চায়েতীরাজ ব্যবস্থার সঠিক বাস্তবায়নের মধ্য দিয়ে প্রধানমন্ত্রীর এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠন করার স্বপ্নকে সফল ক্লিপ দেওয়া সম্ভব। গতকাল শিপার্টের গ্রাম স্বরাজ ভবনে অনুষ্ঠিত রাজ্যভিত্তিক রোল আউট প্রোগ্রাম অব পিপলস প্ল্যান ক্যাম্পেইন এন্ড প্রিপারেশন অব পঞ্চায়েত ডেভেলপমেন্ট প্ল্যান কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। পঞ্চায়েত মন্ত্রী বলেন, একটি সময়োপযোগী বাজেটই পারে একটি শক্তিশালী গ্রাম পঞ্চায়েত গঠন করতে। তিনি রাজ্যের সমস্ত অংশের জনপ্রতিনিধিদের আগামী দিনে একটি সুন্দর গ্রাম পঞ্চায়েত রাজ্যকে উপহার দেওয়ার লক্ষ্যে আগামী বাজেট পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিতে বলেন।

Santana Chakma-Saras Mela :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তানা চাকমা বলেছেন সরস মেলা স্বসহায়ক দলের সদস্যদের উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রীর প্রদর্শনী ও বিক্রির জন্য একটি সুযোগ। এই সুযোগ তাদের কাজে লাগাতে হবে। গতকাল ধর্মনগরে জেলা ভিত্তিক তৃতীয় সরস মেলার উদ্বোধন করে এ কথা বলেন তিনি। তিনি-সহায়ক দলের সদস্যদের গুণগত মান বজায় রেখে বিভিন্ন পণ্য উৎপাদন করার উপর ওরুঞ্চ আরোপ করেন। মেলায় ৭৫ টি প্রদর্শনী স্টল খোলা হয়।

NSS CAMP :

আগৱতলাৱ পি এম শ্ৰী কামিনী কুমাৱ বিদ্যালয়েৱ এন.এস.এস এৱ ৭ দিনেৱ বিশেষ শিবিৱ গতকাল থেকে শুৱু হয়েছে। শিবিৱেৱ সূচনা কৱেন স্থানীয় কৰ্পোৱেটৱ সুখময় সাহা। বিদ্যালয়েৱ প্ৰধান শিক্ষক শিব শংকৱ পাল, প্ৰোগ্ৰাম অফিসাৱ গোতম মজুমদাৱ জানান ৭ দিনেৱ এই শিবিৱে স্বচ্ছ ভাৱত অভিযান, বৃক্ষৱোপন সাইবাৱ আইন সংক্ৰান্ত বিষয়ে আলোচনা সহ বিভিন্ন কৰ্মসূচী হাতে নেওয়া হয়েছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। পশ্চিম, খোয়াই, সিপাহীজলা, গোমতী, ধলাই ও দক্ষিণ ত্ৰিপুৱা জেলাৱ কিছু স্থানে ঘন কুয়াশা পড়েছে। আজ দিনেৱ সৰ্বোচ্চ তাপমাত্ৰা ১৯ ডিগ্ৰি সেলসিয়াসেৱ কাছাকাছি থাকতে পাৱে। আজ ভোৱে দিনেৱ সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ১৩ ডিগ্ৰি সেলসিয়াস। এদিকে, ভাৱতীয় আবহাওয়া বিভাগ আজ থেকে আগামী তেস্ৱা জানুৱাৱী পৰ্যন্ত ত্ৰিপুৱা, আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুৱ ও মিজোৱামে ঘন কুয়াশাৱ সতৰ্কতা জাৰি কৱেছে।
